



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/উমা/২০২৬/১০৪৬

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং : ঢাবো/পনি/৭৮১ তারিখঃ ২১/০৬/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আস্ত:শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা সূত্রে বর্ণিত স্মারকে জারিকৃত সময়সূচি (কপি সংযুক্ত) মোতাবেক শনিবারের পরীক্ষাগুলোতে অংশগ্রহণ করবে।

এমতাবস্থায় তাঁর কলেজে/কেন্দ্রে সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থী থাকলে উক্ত পরীক্ষার্থীদের তথ্য আগামী ২৯/০৬/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে বাহক মারফত জমা প্রদান করত: সূত্রে বর্ণিত সংযুক্ত পত্রের মর্মানুসারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

- ১। অধ্যক্ষ, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট বিভাগের আওতাধীন সকল উপজেলা।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৪. সংরক্ষণ কপি।

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি

অফিস : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং- ঢাবো/পনি/ ৭৮১


তারিখ: ২১/০৬/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের শনিবারের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় সেভেছ ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে সময়সূচি অনুযায়ী শনিবার অনুষ্ঠিতব্য পরীক্ষাগুলোতে নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে শর্ত থাকে যে,

১. উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০.০০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
২. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশপত্রে বর্ণিত দ্রব্যাদির বাইরে কিছু থাকবে না।
৩. কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


২১/০৬/২৬
প্রফেসর জেসমিন তাসলিমা বানু
পরীক্ষা নিয়ন্ত্রক

জেলা প্রশাসক
সকল জেলা

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬
- ৩। অফিস কপি